২২৮

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

মুজিব শতবর্ষ MUJIB 100

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের 'সিনিয়র টেকনিশিয়ান' [১০ম গ্রেড] পদের প্রার্থীদের সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার সময়সূচি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

স্মারক নম্বর-৮০.০০.০০০০.১১০.১১.০১১.২০ (অংশ-২)-৩৫৬

তারিখ : ২৮ আশ্বিন ১৪২৯ / ১৩ অক্টোবর ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের 'সিনিয়র টেকনিশিয়ান' [১০ম গ্রেড] পদের প্রার্থীদের সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার সময়সূচি।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, **পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের 'সিনিয়র টেকনিশিয়ান' [১০ম গ্রেড]** [বিজ্ঞপ্তির তারিখ: ২৩.০২.২০২১; ক্রমিক নম্বর: ২০] পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ২৯ জন প্রার্থীর মধ্যে BPSC Form-5A (Applicant's Copy) জমাদানকারী ১৮ জন প্রার্থীর সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা নিম্নবর্ণিত তারিখ ও সময়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের প্রধান কার্যালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে:

সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার তারিখ দিন ও সময়	পদের নাম, নিয়োগ বিজ্ঞপ্তির তারিখ ও ক্রমিক নম্বর	সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর	মন্তব্য
১	২	৩	৪
২৫.১০.২০২২খ্রি মঙ্গলবার সকাল-১০.০০ মিনিট	**'সিনিয়র টেকনিশিয়ান' [১০ম গ্রেড] তারিখ:২৩.০২.২০২২ বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-২০**	রেজিস্ট্রেশন নম্বর: 000001, 000003, 000005, 000026, 000030, 000031, 000038, 000039, 000047, 000049, 000052, 000053, 000062, 000084, 000089, 000105, 000179, 800076 = 18 জন	-

০২. উল্লেখযোগ্য (Substantive) কারণে নিম্নবর্ণিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীদের প্রার্থিতা কমিশন কর্তৃক বাতিল করা হয়েছে:

মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর	পদের নাম ও গ্রেড	বাতিলকৃত প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর	বাতিলের কারণ
১	২	৩	৪
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট	সিনিয়র টেকনিশিয়ান [১০ম গ্রেড]	রেজিস্ট্রেশন নম্বর: 000006, 000028, 000056, 000063, 000064, 000073, 000085, 000141, 000149, 000154, 000182 = 11 জন	BPSC Form-5A (Applicant's Copy) হার্ডকপি জমা না দেয়ায়

০৩. লিখিত পরীক্ষায় ব্যবহৃত প্রবেশপত্রই সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে। সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার জন্য প্রার্থীদের নিকট কমিশন হতে কোন আলাদা সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। কোন প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা নষ্ট হলে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http:// bpsc. teletalk. com.bd থেকে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে। প্রবেশপত্র ছাড়া কোন প্রার্থী সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

ক্রমশ/০২

০৪. সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের অতিরিক্ত ০১(এক) সেট BPSC Form-5A (Applicant's Copy) কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোডপূর্বক নিম্নোক্ত কাগজপত্রের সত্যায়িত কপিসহ সংশ্লিষ্ট সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে :

ক. শিক্ষাগত যোগ্যতার সকল সনদের কপি;
খ. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
গ. সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
ঘ. সরকারি/আধা সরকারী, স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিল স্বাক্ষরিত ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
ঙ. আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রামাণ্য সনদের কপি;
চ. অভিজ্ঞতার সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
ছ. জাতীয় পরিচয়পত্রের (NID) কপি;
জ. বাছাই/লিখিত/ব্যবহারিক পরীক্ষার প্রবেশপত্রের কপি;
ঝ. নাগরিকত্ব সনদের কপি;
ঞ. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ সার্কুলার অনুযায়ী মুক্তিযোদ্ধার বয়সের প্রমাণক/ডকুমেন্টস (প্রযোজ্য ক্ষেত্রে);
ট. প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারিকৃত প্রতিবন্ধী সনদ/পরিচয় পত্রের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
ঠ. অনধিক ০৩ মাস পূর্বের তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
ড. প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লেখিত স্থায়ী ঠিকানা (Permanent Address) পরবর্তীতে পরিবর্তিত হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদ।

০৫. অনুচ্ছেদ-০৪ এ বর্ণিত সকল সনদ/ডকুমেন্টস এর মূল কপি সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে।

০৬. **প্রত্যেক ডকুমেন্টস এর উপর অবশ্যই প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে।** উল্লিখিত সনদ/ডকুমেন্টস দাখিল করতে ব্যর্থ হলে কোন প্রার্থীকে সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ দেয়া হবে না।

০৭. সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) মোবাইল ফোন ও কোনো প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ/ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ এবং কর্ম কমিশনের কোন কর্মকর্তা/কর্মচারীর সাথে আলোচনা বা আলাপচারিতায় মিলিত হওয়া নিষিদ্ধ।

০৮. সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার নির্ধারিত সময়ের নূন্যতম আধা ঘন্টা (৩০ মিনিট) পূর্বে সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই উপস্থিত হতে হবে এবং নির্ধারিত তারিখ ও সময়ে সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষায় অনুপস্থিত প্রার্থীর পরবর্তীতে সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না।

০৯. সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে কোন প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিরে বর্ণিত কোন শর্তের উল্লেখযোগ্য (Substantive) ঘাটতি পাওয়া গেলে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

১০. প্রার্থীদের সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি আবশ্যিকভাবে অনুসরণপূর্বক সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে। প্রার্থীদেরকে অবশ্যই মাস্ক পরিধান করে সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৩.১০.২০২২

[আব্দুল্লাহ আল মামুন]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]

ক্রমশ/০৩

স্মারক নম্বর- ৮০.০০.০০০০.১১০.১১.০১১.২০ (অংশ-১)-৩৫৬/১(৩০)

তারিখ : ২৮ আশ্বিন ১৪২৯
১৩ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার/নন-ক্যাডার/আইন উপদেষ্টা), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
২. উপসচিব [প্রশাসন/অর্থ ও সেবা/বাজেট/পরিচালক (সকল)], বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
৪. মাননীয় চেয়ারম্যান এর একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
৫. সচিব এর একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
৬. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
৭. উপপরিচালক (সকল), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
৮. উপপরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আঞ্চলিক কার্যালয় চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ
৯. বিজ্ঞ সদস্য (সকল)-এর ব্যক্তিগত কর্মকর্তা (বিজ্ঞ সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
১১. যুগ্ম-সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (যুগ্ম-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
১২. নোটিশ বোর্ড/অভ্যর্থনা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
১৩. কমিশনের Website: www.bpsc.gov.bd
১৪. অফিস কপি/মাস্টার কপি

১৩.১০.২০২২
(মোঃ শাহীন হোসেন)
পরিচালক (উপসচিব)